

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৯৫৭

২৭/ আদব

পরিচ্ছেদঃ কষ্ট কল্পনার সাথে গালভরে কথা বলা, মিথ্যা বাকপটুতা প্রকাশ করা এবং সাধারণ মানুষকে সম্বোধনকালে উদ্ভট ও বিরল বাক্য সম্বলিত ভাষা প্রয়োগ অবাঞ্ছনীয়

আরবী

وَعَنْ جَابِرِ بِنِ عَبِدِ اللهِ رَضِيَ اللهُ عَنهُمَا: أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ قَالَ إِنَّ مِنْ أَحَبِّكُمْ إِلَيَّ وَاللهِ عَلَيْ قَالَ إِنَّ مِنْ أَحَبِّكُمْ إِلَيَّ وَأَبْعَدَكُمْ مِنِّي يَومَ وَأَقْرَبِكُمْ مِنِّي مَجْلِساً يَومَ القِيَامَةِ أَحَاسِنكُمْ أَخْلاَقاً وَإِنَّ أَبْغَضَكُمْ إِلَيَّ وَأَبْعَدَكُمْ مِنِّي يَومَ القِيَامَةِ التَّرْفُونَ وَالمُتَفَيْهِقُونَ رواه الترمذي وقالَ حديث حسن

বাংলা

(২৯৫৭) জাবের (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "কিয়ামতের দিন তোমাদের মধ্যে আমার প্রিয়তম এবং অবস্থানে আমার নিকটতম ব্যক্তিদের কিছু সেই লোক হবে যারা তোমাদের মধ্যে চরিত্রে শ্রেষ্ঠতম। আর তোমাদের মধ্যে আমার নিকট ঘৃণ্যতম এবং অবস্থানে আমার থেকে দূরতম হবে তারা; যারা অনর্থক অত্যধিক আবোল-তাবোল বলে ও বাজে বকে এমন বাচাল ও বখাটে লোক; যারা আলস্যভরে বা কায়দা করে টেনেটেনে কথা বলে। আর অনুরূপ অহংকারীরাও।" (তিরমিয়ী ২০১৮, হাসান, সহীহুল জামে ২২০১)

এবং ওরাই উম্মতের মধ্যে সবচেয়ে নিকৃষ্ট মানুষ। (সহীহুল জামে' ৩২৬০, ৩৭০৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন